



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৩.৩৪.০০৫.২০২০-১১৯৫

তারিখঃ ০৩/১০/২০২৩খ্রি.

বিষয়ঃ বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের উচ্চতর (৪র্থ গ্রেড) গ্রেড প্রদান সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর স্পষ্টিকরণ সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ বাস্তবায়ন-১ শাখার ২১/০৯/২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬ (অংশ-১)-২৩২ নং পরিপত্রের (গ)-(২) এর আলোকে (একই পদে কর্মরত কোন কর্মচারী একটি মাত্র উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড (যে নামেই অভিহিত হউক) পাইয়া থাকিলে উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড পাইবার তারিখ হইতে পরবর্তী ০৬ (ছয়) বছর পূর্তির পর ৭ম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন) এবং (গ)-(৩)-এর আলোকে একই পদে কর্মরত কর্মচারী কোন প্রকার উচ্চতর স্কেল (টাইমস্কেল/সিলেকশন গ্রেড (যে নামেই অভিহিত হউক) না পাইয়া থাকিলে সন্তোষজনক চাকরির শর্তে তিনি ১০ (দশ) বৎসর চাকরি পূর্তিতে ১১তম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড এবং পরবর্তী ৬ বছরে পদোন্নতি না পাইলে ৭ম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন) এর আলোকে যে সকল কর্মকর্তাগণ উচ্চতর গ্রেড প্রাপ্য হয়েছেন, সে সকল কর্মকর্তাগণ (বিসিএস ১৪ ব্যাচ থেকে বিসিএস ব্যাচ ১৮ পর্যন্ত) নিম্নে উল্লিখিত "ছকে" বর্ণিত তথ্যাদিসহ ০৯/১০/২০২৩ তারিখের মধ্যে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

"তথ্য ছক"

ক্র. নং	নাম, আইডি, পদবী, বিষয় ও কর্মস্থল	চাকুরীতে প্রথম যোগদানের তারিখ	সহকারী অধ্যাপক পদে পদোন্নতি ও যোগদানের তারিখ	চাকুরীকাল ১০ বছর পূর্তিতে সিলেকশন গ্রেড (৫ম গ্রেড) প্রাপ্যতার তারিখ	সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি ও যোগদানের তারিখ	অধ্যাপক পদে পদোন্নতি ও যোগদানের তারিখ	৪র্থ গ্রেড প্রাপ্যতার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

প্রয়োজনীয় তথ্যাদি :

- ১। সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন;
- ২। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়ণপত্র;
- ৩। ক্যাডারে ১ম যোগদানের আর্টিক্যাল-৪৭;
- ৪। চাকুরী স্থায়ীকরণের প্রজ্ঞাপন;
- ৫। সিলেকশন গ্রেড প্রাপ্তির প্রজ্ঞাপন;
- ৬। সহকারী অধ্যাপক পদে পদোন্নতির আদেশ ও যোগদান কপি;
- ৭। সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির আদেশ ও যোগদান কপি;
- ৮। অধ্যাপক পদে পদোন্নতির আদেশ ও যোগদান কপি;


(প্রফেসর মো: ওয়াহিদুজ্জামান)
উপপরিচালক (কলেজ-১)
ফোন ; ৯৫৫৮৫০৫

অনুলিপি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ;
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল (সকল)
- ৩। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান, সকল সরকারি কলেজ/মাদ্রাসা-ই-আলিয়া/সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ/এনসিটিবি/ সকল বোর্ড/ডিআইএ/নায়েম/এইচএসটিটিআই/বিএমটিটিআই এবং সংশ্লিষ্ট সকল অফিস প্রধানকে তঁার দপ্তরে কর্মরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণ-কে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ।
- ৪। সহকারী পরিচালক (কলেজ-১, ২, ৪), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ;
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ;
- ৬। সংরক্ষণ নথি।